



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড  
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল  
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।  
[www.bwdb.gov.bd](http://www.bwdb.gov.bd)

নম্বর: ৮২.০১.০০০০.০০০.০০৫.২২.০০০২.১৮.৭৩

তারিখ: ২৩ আগস্ট ১৪৩২ বঙ্গাব্দ  
০৭ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

#### সার্কুলার

বিষয়: পিপিআর ২০০৮ ও e-GP গাইডলাইনস অনুযায়ী চুক্তিপত্র যথাসময়ে স্বাক্ষর ও e-GP সিস্টেমে আপলোড সংক্রান্ত।

এতদ্বারা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট সকল ক্রয়কারীর (PE) অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পিপিআর ২০০৮ এর বিধি ১০২(১১) এ উল্লেখ আছে যে, কৃতকার্য দরদাতা কর্তৃক চুক্তি স্বাক্ষর অভ্যন্তরীণ ক্রয়কার্যের ক্ষেত্রে চুক্তি সম্পাদন নোটিশ জারির তারিখ হতে ২৮ (আটাশ) দিনের মধ্যে করতে হবে এবং সীমিত দরপত্রের ক্ষেত্রে চুক্তি সম্পাদন নোটিশ জারির তারিখ হতে ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে সম্পন্ন করতে হবে। Bangladesh e-Government Procurement (e-GP) Guidelines (Revised), 2025 অনুযায়ী Appendix-III এর ক্রমিক নং ০৭ এ উল্লেখ আছে যে, "Time for posting Contract Awards in BPPA's website: **Immediately after the signing of contract agreement**".

২) e-GP system এ NOA জারীর পর পিপিআর ২০০৮ এর উক্ত ধারা এবং Bangladesh e-Government Procurement (e-GP) Guidelines (Revised), 2025 এ উল্লিখিত সময়সীমা এর মধ্যে Contract Agreement স্বাক্ষর করে e-GP system এ বাধ্যতামূলকভাবে upload করতে হবে।

৩) পিপিআর ২০০৮ এর বিধি ১০২(১১) এবং Bangladesh e-Government Procurement (e-GP) Guidelines (Revised), 2025 অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে Contract Agreement স্বাক্ষর করে e-GP system এ upload করতে ব্যর্থ হলে, signed Contract Agreement upload এর জন্য e-GP system এ send contract approval request to HOPE প্রেরণের পূর্বে যুক্তিযুক্ত কারণ প্রদর্শন পূর্বক নোটশীট এর মাধ্যমে মহাপরিচালক, বাপাউরো, ঢাকা মহোদয়ের নিকট অনুমোদন নিতে হবে। অনুমোদিত নোটশীট e-GP system এ সংযুক্ত করে send the contract signing approval request to HOPE প্রেরণ করতে হবে।

৪) e-GP সিস্টেমে সময়মতো signed Contract Agreement আপলোডে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ক্রয়কারীর চুক্তি ব্যবহাপনা বা প্রশাসনিক কার্যক্রমে জটিলতা সৃষ্টি হতে পারে। অতএব, আলোচ্য বিষয়সমূহে সংশ্লিষ্ট সকলকে যথাযথ সতর্কতা ও যত্নবান হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

৫) মহাপরিচালক, বাপাউরো, ঢাকা মহোদয়ের সদয় অনুমোদনক্রমে জারীকৃত সার্কুলার অবিলম্বে কার্যকর হবে।

*H. Alam*

০৭-০৭-২০২৫

মোঃ হাফিজুল আলম

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)

০২২২২২৩০০১৫

se.cpc.bwdb@gmail.com

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:**

- ১। অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা/প্রশাসন/অর্থ, বাপাউবো, পানি ভবন, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী/ অতিঃ প্রধান প্রকৌশলী (সকল), ..... , বাপাউবো.....।
- ৩। প্রকল্প পরিচালক (সকল), ..... , বাপাউবো.....।
- ৪। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, ঢাকা।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক (সকল), ..... , বাপাউবো.....।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৭। নির্বাহী প্রকৌশলী (সকল), ..... , বাপাউবো.....।



*A. M. A. Md. Anasuzzaman*

০৭-০৭-২০২৫

মোঃ আব্দুল মালেক

নির্বাহী প্রকৌশলী